

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬১৭

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২, তৃতীয় অনুচ্ছেদ - প্রথম ওয়াক্ত হওয়ার সঙ্গে সঙ্গে সালাত আদায়

### আরবী

وَعَنْ جَابِرِ بْنِ سَمُرَةَ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّي الصَّلَوَاتِ نَحْوًا مِنْ صَلَاتِكُمْ وَكَانَ يَخْف الصَّلَاة. رَوَاهُ مُسلم مِنْ صَلَاتِكُمْ وَكَانَ يَخْف الصَّلَاة. رَوَاهُ مُسلم

### বাংলা

৬১৭-[৩১] জাবির ইবনু সামুরাহ্ (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তোমাদের সালাতের মতই সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করতেন। কিন্তু তিনি 'ইশার সালাত (সালাত/নামায/নামাজ) তোমাদের চাইতে কিছু দেরীতে আদায় করতেন এবং সংক্ষেপ করতেন। (মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ: মুসলিম ৬৪৩, আহমাদ ২১০০২।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাধারণ সালাত (সালাত/নামায/নামাজ) সাধারণের সময়ে আদায় করতেন। কেবল 'ইশার সালাত সাধারণের থেকে কিছু সময় পরে তিনি আদায় করতেন এবং তিনি সালাতকে সংক্ষেপ করতেন।

তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) ইমাম হিসেবে এরপ করতেন। যদিও মাগরিবের সালাতের দু' রাক্'আতে তাঁর সূরাহ্ আল আ'রাফ পড়ারও প্রমাণ রয়েছে। তবে অধিকাংশ সময় তিনি সংক্ষিপ্ত করে সালাত আদায় করতেন। এ হাদীস দ্বারাও 'ইশার সালাত বিলম্বিত করা মুস্তাহাব প্রমাণিত হয়। রাতের অর্ধাংশ বা এক-তৃতীয়াংশ পর্যন্ত বিলম্বিত করা, এর বেশি নয়।

#### হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন